7

দৈঃ জনকণ্ঠ

তারিখ 10 JUL 2006 পৃষ্ঠা ১২ কলাম ৫

# সশস্ত্র শিবির ক্যাডারদের তাণ্ডব ।। চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে সিন্ডিকেট সভা ফের পণ্ড

**স্টাফ রিপোর্টার, চট্টগ্রাম অফিস ॥** সশস্ত্র ছাত্র শিবির ক্যাডারদের ঘেরাও অভিযানে মঙ্গলবার চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের সিন্ডিকেট সভা আবারও পণ্ড হয়ে গেছে। সিন্ডিকেট সদস্যরা মারমুখী শিবির কর্মীদের হাতে দীর্ঘ ৬ ঘণ্টা জিম্মি থাকেন। এ সময় তাঁদেরকে অনাহারে থাকতে হয়।

বিশ্ববিদ্যালয় সূত্র জানায়, গত ৪ জুলাই নির্ধারিত সিন্ডিকেট সভা শিবির পণ্ড করে দেয়ার পর মঙ্গলবার এ সভা ডাকা হয় বেলা ১টায়। সভায় নতুন ছাত্রদের হলে সিট বণ্টনের ব্যাপারে সিদ্ধান্ত গ্রহণের কথা ছিল। কিন্তু শিবির সিট বণ্টনের পুরানো নীতি বহাল রাখার পক্ষে দাবি জানিয়ে আসছে।

মঙ্গলবার বেলা ১টায় সিন্ডিকেট সভা শুরুর মুহূর্তে দেড় শতাধিক সশস্ত্র শিবির ক্যাডার সভাস্থল ঘিরে ফেলে। শিবির সমর্থিত বিশ্ববিদ্যালয়ের একডজনেরও বেশি শিক্ষক তাদের সহযোগী হন। শিবির কর্মীরা তাদের দাবির পক্ষে স্লোগান দিয়ে দরজা জানালা ভাঙচুর করে এবং শিক্ষক মনসুর উদ্দিনকে নাজেহাল করে। ঘেরাও অভিযান চলাকালে শিবির টেলিফোন লাইন বিচ্ছিন্ন করে এবং সিন্ডিকেট সদস্য খাবার সরবরাহে বাধা দেয়। ফলে দুঃসহ পরিস্থিতির সৃষ্টি হয়। খবর পেয়ে পুলিশ আসলেও তারা কোন এ্যাকশনে যায়নি। সন্ধ্যা ৭টায় শিবির কর্মীরা স্থান ত্যাগ করলে সিন্ডিকেট সদস্যদের জিম্মি অবস্থায় অবসান ঘটে। কিন্তু সিন্ডিকেট সভা করা সম্ভব হয়নি। এখানে উল্লেখ্য, বিশ্ববিদ্যালয়ের শিক্ষক সমিতি ফ্যাকাল্টিভিত্তিক সিট বণ্টনের সুপারিশ পেশ করার পর এ ব্যাপারে সিদ্ধান্ত গ্রহণের কথা ছিল।